| ছেলে হোক, মেয়ে হোক দুটি সন্তানই যথেষ্ট। |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
চাটখিল, নোয়াখালী।
fpo.chatkhil.noakhali.gov.bd

স্মারক নং- উপপ/চাট/নোয়া/২০২২/১৭৬ তারিখঃ ১৩/১১/২০২২ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের স্বারক নং- পপঅ/সিসিএসডিপি/PPV-নিয়োগ-৪৮২/২০২১-২২/২৫৪০, তারিখ- ১৬/১০/২০২২ খ্রিঃ মোতাবেক স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি (LARC&PM) কার্যক্রমের গতিশীলতা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবার মান উন্নয়নের লক্ষ্যে চাটখিল উপজেলার Peer Activities কার্যক্রমে ইউনিট ভিত্তিক “কাজ নাই, ভাতা নাই” ভিত্তিতে Paid Peer Volunteer নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের নির্দিষ্ট ইউনিটের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্ধারিত ছকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন (সুবিধাদি) | পদ সংখ্যা | ইউনিয়নের নাম ও পদ সংখ্যা | ইউনিট নম্বর | যে সকল এলাকার স্থায়ী বাসিন্দার প্রার্থীগন আবেদন করতে পারবেন (উল্লেখিত গ্রাম থেকে আবেদন করতে হবে) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | Paid Peer Volunteer ভাতাঃ সাধারন এলাকায় দৈনিক যাতায়াত ভাতা বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও নাস্তা বাবদ ১০০/- (একশত) টাকা। | ১৫ (পনের) টি | শাহাপুর- ০২টি | ৩ নং ওয়ার্ড | পুরুষোত্তমপুর, মমিনপুর, লংগরপাড়া | নূন্যতম এসএসসি পাশ |
| ২ | | | | ২/খ ইউনিট | শিবরামপুর, গোপাইরবাগ | |
| ৩ | | | রামনারায়নপুর- ০২টি | ১/ক ইউনিট | রুহিতখালী, মাধবপুর, পাঁচঘরিয়া, সোবহানপুর | |
| ৪ | | | | ৩ নং ওয়ার্ড | বৈকন্ঠপুর, গোমাতলী ,কালিকাপুর, রাজারামঘোষ | |
| ৫ | | | পরকোট- ০১টি | ১ নং ওয়ার্ড | সুধাইয়া, হোসেনপুর, উত্তর রামদেবপুর, দৌলতপুর, জামিরতলী, বাইশসিন্দুর, মেকরারচর | |
| ৬ | | | বদলকোট- ০২টি | ২/খ ইউনিট | রেজ্জাকপুর, নিশ্চিন্তপুর, হীরাপুর (আংশিক সিনিয়র মাদ্রাসার দক্ষিন পাশ) | |
| ৭ | | | | ৩/খ ইউনিট | বদলকোট, দক্ষিন বদলকোট, মধ্য বদলকোট আংশিক | |
| ৮ | | | মোহাম্মদপুর- ০২ টি | ৩/ক ইউনিট | উত্তর মোহাম্মদপুর, আমিরথী, মলংচর, হাসর | |
| ৯ | | | | ৩/গ ইউনিট | দক্ষিণ মোহাম্মদপুর, পরানপুর, কাঁকড়াপাড়া | |
| ১০ | | | পাঁচগাঁও- ০২ টি | ১/ক ইউনিট | ফতেপুর, মির্জাপুর, ত্রিঘরিয়া | |
| ১১ | | | | ২/ক ইউনিট | নিজ ভাওর (আংশিক উত্তর), ভাওর, আবুতোরাব | |
| ১২ | | | হাটপুকুরিয়া- ০২টি | ১/খ ইউনিট | চাটখিল, শাহ নেয়ামতপুর, ধামালিয়া | |
| ১৩ | | | | ৩/খ ইউনিট | ঘাটলাবাগ, কেশুরবাগ | |
| ১৪ | | | খিলপাড়া- ০২টি | ৩/ক ইউনিট | শিবপুর, নাহারখিল, মোল্লাপাত্তন, বাদুলী | |
| ১৫ | | | | ৩/খ ইউনিট | শংকরপুর, লটপটিয়া, খিরিহাটি | |

শর্তাবলীঃ

১. ১৩/১১/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নয়।
২. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি বিধান ও কোটা নীতি অনুসরনকরা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি বিধান কোন সংশোধন হলে তা অনুসরনকরা হবে।
৩. প্রার্থীর যোগ্যতা যাচাইঃ
(ক) প্রার্থীগণকে বিজ্ঞাপনে উল্লেখিত কর্ম এলাকার স্থায়ী বাসিন্দা এবং **শুধুমাত্র বিবাহিত মহিলা প্রার্থীগন আবেদন করতে পারবেন।**
(খ) শারীরিক ও মানসিক ভাবে সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। চাকুরীতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত মেডিকেল সাটিফিকেট দাখিল করতে হবে (নিজ ব্যবস্থাপনায়)।
(গ) সমাজ কল্যাণমূলক কাজ করতে আগ্রহী হতে হবে।
(ঘ) স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ে পূর্ব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার প্রদান করা হবে।
(ঙ) সন্তুষ্ট স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি (LARC&PM) গ্রহিতাদের অগ্রাধিকার দেয়া হবে।
(চ) **দুই সন্তানের অধিক সন্তান বিশিষ্ট দম্পতি অযোগ্য হিসেবে বিবেচিত হবে।**
(ছ) মুক্তিযোদ্ধা পোষ্যদের সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে।
(ঝ) ভবিষ্যতে তথ্যের গরমিল পাওয়া গেলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
৪. প্রার্থীগণকে নিম্নোক্ত সনদ/কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক সত্যায়ন করে ১ (এক) সেট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনপত্র উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, চাটখিল নোয়াখালী সরাসরি/ডাকযোগে/ কুরিয়ারে জমা দেয়া যাবে।
(ক) প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন ছবি সত্যায়িত।
(খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সত্যায়িত।
(গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
(ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি।

(চ) অভিজ্ঞতার (সমাজকল্যাণ মূলক/চাকুরী) সত্যায়িত সনদপত্র (যদি থাকে)।

(ছ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর পুত্র-কন্যা ও পুত্র কন্যার পুত্র কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা শহীদ মুক্তিযোদ্ধা এর পুত্র-কন্যা ও পুত্র কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদ (আবেদনকারী সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সম্পর্ক অবশ্যই উল্লেখ করতে হবে)।

(জ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর পুত্র-কন্যা ও পুত্র কন্যার পুত্র কন্যা হলে মুক্তিযোদ্ধার প্রমানক হিসেবে গেজেট, লাল মুক্তি বার্তা/ভারতীয় তালিকা/প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত সনদের ছায়ালিপি।

(ঝ) মৌখিক পরীক্ষার প্রবেশপত্র সংযুক্ত করতে হবে।

৫. নির্ধারিত আবেদনপত্র, প্রবেশপত্র ছক ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল নোয়াখালী এর ওয়েব পোর্টাল (www.chatkhil.noakhali.gov.bd) ও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, চাটখিল নোয়াখালী এর ওয়েব পোর্টাল (www.fpo.chatkhil.noakhali.gov.bd) পাওয়া যাবে। অস্পষ্ট, ত্রুটিপূর্ণ ও প্রার্থীর স্বাক্ষর বিহীন আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬. ১০০ (একশত) নম্বরের মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে।

৭. আবেদনপত্র প্রেরণের খামের উপর নিজ ইউনিয়ন, ইউনিট নম্বর ও বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টক্ষরে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও পূর্ণঠিকানা উল্লেখ পূর্বক ১০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট যুক্ত (৯.৫০"×৪.৫০") ইঞ্চি বিশিষ্ট ফেরত খাম যুক্ত করতে হবে।

৮. **Paid Peer Volunteer-দের যোগদানের সময় ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে নিম্নলিখিত বিষয়সমূহ উল্লেখ পূর্বক অঙ্গিকারনামা গ্রহন করা হবেঃ-**

(ক) সংশ্লিষ্ট কর্মএলাকায় রাজস্বখাতে পঃ কঃ সহকারী পদে জনবল নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না।

(খ) Paid Peer Volunteer পদে দায়িত্ব পালনকালে স্থায়ীকরণ এবং জাতীয় বেতনস্কেলে অর্ন্তভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে কোন দাবী উত্থাপন করবো না

(গ) Paid Peer Volunteer পদে স্থায়ীকরণ এবং জাতীয় বেতনস্কেলে অর্ন্তভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে কোনরূপ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য আদালতের দ্বারস্থ হবে না।

(ঘ) এ নিয়োগ সম্পূর্ন অস্থায়ী, কাজ নাই ভাতা নাই ভিত্তিতে অপারেশনাল প্ল্যানের মেয়াদকাল (জুন/২৩ খ্রিঃ) পর্যন্ত বলবৎ থাকবে।

(ঙ) মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে উল্লিখিত নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(চ) নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ভাতাদি সরকারী বিধি মোতাবেক সংশ্লিষ্ট উপজেলা হতে প্রদেয় হবে।

৯. অর্পিত দায়িত্ব পালন এবং কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিল করতে পারবে।

১০. প্রতিমাসে Paid Peer Volunteer গণের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হবে। একাধারে ০৩ (তিন) মাস অগ্রগতি সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিলের ব্যবস্থা নিবেন।

১১. স্বেচ্ছায় দায়িত্ব হতে অব্যাহতি নিতে চাইলে কর্তৃপক্ষকে কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে অবহিত করতে হবে।

১২. পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে সরবরাহকৃত পোশাক পরিধান করে কর্ম এলাকায় কাজ করতে হবে এবং কর্ম এলাকায় অবস্থান করতে হবে।

১৩. আবেদনপত্র মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ও সদস্য সচিব Paid Peer Volunteer নিয়োগ ও বাছাই কমিটি, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, চাটখিল নোয়াখালী বরাবরে আগামী ২৪/১১/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে (ছুটির দিন ব্যাতিত) সরাসরি/ডাকযোগে/ কুরিয়ারে পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গৃহীত হবে না।

১৪. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন অথবা আংশিক বা সম্পূর্ন বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

(ডাঃ মোঃ কামরুল হাসান)
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অঃদাঃ)
ও
সদস্য সচিব
Paid Peer Volunteer নিয়োগ কমিটি/বাছাই কমিটি
চাটখিল, নোয়াখালী।